# "প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র" শীর্ষক কর্মসূচি শুরুর ইতিহাস

দেশের প্রতিবন্ধী জনগোষ্ঠীকে বিনামূল্যে ফিজিওথেরাপি, অকুপেশনাল থেরাপি, হিয়ারিং টেস্ট, ভিজুয়াল টেস্ট, কাউন্সেলিং, প্রশিক্ষণ, সহায়ক উপকরণ বিতরণ ও প্রয়োজনীয় অন্যান্য সেবা ও সহায়তা প্রদানের লক্ষ্যে ২০০৯-১০ অর্থবছরে প্রথমবারের মত দেশের ০৫ (পাঁচ) টি জেলায় সমাজকল্যাণ মন্ত্রনালয়ের মাধ্যমে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের আওতায় প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র চালু করা হয়।

০২ এপ্রিল ২০১০ খ্রিস্টাব্দে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আনুষ্ঠানিকভাবে প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র শীর্ষক কর্মসূচি উদ্বোধন করেন।

পূর্ববর্তী সেবাকেন্দ্র সমূহের সাফল্যের ভিত্তিতে

- ২০১০-২০১১ অর্থ বছরে পূর্ববর্তী পাঁচটি কেন্দ্র নবায়ন সহ আরোও ১০টি জেলায় সরকারি অর্থায়নে কর্মসূচি সম্প্রসারন করা হয়।
- ২০১১-২০১২ অর্থ বছরে পূর্ববর্তী ১৫টি কেন্দ্র নবায়ন সহ আরোও ১০টি জেলায় সরকারি অর্থায়নে কর্মসূচি সম্প্রসারন করা হয়।
- ২০১২-২০১৩ অর্থ বছরে ২৫টি কেন্দ্র নবায়ন সহ আরোও ২৩টি জেলায় সরকারি অর্থায়নে কর্মসূচি সম্প্রসারন করা হয়েছে।
- এছাড়া বিশ্বব্যাংকের ঋন সহায়তায় বাস্তবায়নাধীন 'Promotion of Services and Opportunities to the Disabled Persons in Bangladesh' শীর্ষক প্রকল্পের আওতায় ২০১১-১২ অর্থ বছরে ১০টি জেলায় কর্মসূচি সম্প্রসারন করা হয়। এর মধ্যে নীলফামারী একটি।

নীলফামারী জেলায় **প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র** বিনামূল্যে ফিজিওথেরাপি সেবা কার্যক্রম শুরু করে ২৮ মে ২০১২ খ্রিস্টাব্দে।

প্রতিবন্ধী ব্যক্তিদের সমাজের মূলস্রোতধারায় সম্পৃক্ত করার প্রয়াসে বর্তমানে দেশের ৬৪ টি জেলায় কার্যক্রমসহ সর্বমোট ১০৩ টি **প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র** নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

## লক্ষ্য ও উদ্দেশ্য

- প্রতিবন্ধী জনগোষ্ঠীর ক্ষমতায়ন ও পুনর্বাসনের পথ সুগম করা
- প্রতিবন্ধী ব্যাক্তিবর্গকে সমাজের মূল স্রোতধারায় একীভূতকরণ
- প্রতিবন্ধী ব্যাক্তিবর্গকে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান
- প্রতিবন্ধী জনগোষ্ঠীর তথ্য ও উপাত্ত সংগ্রহ ও সংরক্ষন
- বিভিন্ন প্রকার সহায়ক উপকরণ (হুইল চেয়ার, ট্রাই-সাইকেল, হিয়ারিং এইড ইত্যাদি) বিতরণ
- প্রতিবন্ধী ব্যক্তিদের সচেতনতা বৃদ্ধি ও বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমে অংশগ্রহনে উদ্বুদ্ধকরণ

CamScanner

## কার্যক্রম ও সেবাসমূহ

- প্রতিবন্ধীতার ধরণ নির্ণয়
- বিনামূল্যে ফিজিওথেরাপি চিকিৎসা
- বিনামূল্যে অকুপেশনাল থেরাপি
- কাউন্সেলিং সেবা প্রদান
- বিনামূল্যে ভিজ্যুয়াল টেস্ট
- বিনামূল্যে হিয়ারিং টেস্ট
- স্পীচ & ল্যাঙ্গুয়েজ সেবা
- অভিভাবকদের প্রশিক্ষন
- সহায়ক উপকরণ বিতরন
- মোবাইল থেরাপি ভ্যান ক্যাম্পিং এর মাধ্যমে প্রত্যন্ত অঞ্চলে থেরাপি সেবা প্রদান
- প্রয়োজন মোতাবেক অন্যান্য সহায়তা প্রদান
- সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন দিবস উদযাপন
- অটিজম বিষয়ক সেবা

## কেন্দ্রে Autism বিষয়ক কার্যক্রম

Autistic শিশুদের জন্যে ১লা অক্টোবর, ২০১২ ইং তারিখে উক্ত কেন্দ্রে একটি সুসজ্জিত 'Autism Corner' স্থাপন করা হয়েছে। Autism বিষয়ে ট্রেনিংপ্রাপ্ত, দক্ষ লোকবল দ্বারা Autistic শিশুদের বিভিন্ন Sensory Toys এর সাহায্যে এবং Behavioral থেরাপির সাহায্যে সেবা প্রদান করা হচ্ছে। বর্তমানে কেন্দ্রটি অটিজম ও এনডিডি ( নিউরো ডেভেলপমেন্টাল ডিজঅর্ডার ) কর্ণার নামে পরিচিত হচ্ছে ।

- Autistic শিশুদের চিহ্নিত করা ।
- Autistic শিশুদের সমস্যা সমাধানে প্রশিক্ষন দেয়া ও Counseling করা ।

## কেন্দ্রের সফলতা

- সুবিধা বঞ্চিত প্রতিবন্ধী জনগোষ্ঠীকে সমাজের মূল স্রোতধারায় সম্পৃক্ত করতে ভূমিকা রাখা
- প্রতিদিন গড়ে ৩৫-৪০ জন প্রতিবন্ধী ব্যক্তিকে সম্পূর্ন বিনামূল্যে ফিজিওথেরাপি চিকিৎসা প্রদান
- কাউন্সেলিং সেবার মাধ্যমে সেবাগ্রহীতাদের মনোবল ও সাহস বৃদ্ধিকল্পে অগ্রণী ভূমিকা পালন
- প্রতিবন্ধী ব্যক্তি ও তাদের অভিভাবকদের সচেতনতা বৃদ্ধি
- অটিজম ও নিউরো ডেভেলপমেন্টাল ডিজঅর্ডার সম্পর্কে বিস্তারিত অবহিতকরণ
- অটিস্টিক শিশুদের বুদ্ধিবৃত্তিক ও মানসিক বিকাশের লক্ষ্যে একটি পূর্ণাঙ্গ ও সুসজ্জিত অটিজম কর্ণার স্থাপন করা

প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র,আধুনিক সদর হাসপাতাল সংলগ্ন, ধনীপাড়া রোড,নীলফামারী মোবাইলঃ০১৯২১৫৬৫৫৫০
ই-মেইল:nilphamaripsosk@gmail.com

CamScanner